তারিখ 27 JAN 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

# স্কুলছাত্রীকে টেবিলের নিচে মাথা ঢুকিয়ে শাস্তির অভিযোগ

পাথরঘাটা প্রতিনিধি *
বরগুনার পাথরঘাটায় অষ্টম শ্রেণির ছাত্রী ফারজানা আক্তার নিপাকে টেবিলের নিচে মাথা ঢুকিয়ে শাস্তি দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় তার অভিভাবকরা ক্ষুব্ধ হয়েছেন। তারা গতকাল পাথরঘাটা প্রেসক্লাবে গিয়ে ওই ঘটনায় জড়িত শিক্ষক মো. মাসুমের শাস্তি দাবি করেন।

নিপার বাবা আব্দুল জলিল তালুকদার বলেন, আমার মেয়ে পাথরঘাটা আদার্শ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী। ওই বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য ১৫০ টাকা করে ছাত্রীপ্রতি চাঁদা ধার্য করা হয়। আমি বাড়ি না থাকায় ওই টাকা দেওয়া হয়নি। তাই ২৪ জানুয়ারি আমার মেয়েকে টেবিলের নিচে মাথা ঢুকিয়ে রাখা হয়। এতে সে অসুস্থ হয়ে পড়ে। বাড়িতে এসে তার মাকে জড়িয়ে কান্নায় ভেঙে পড়ে। অভিযুক্ত সহকারী শিক্ষক মো. মাসুম বলেন, ঘটনাটি সমার্ধান হয়েছে। এ ব্যাপারে পাথরঘাটা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোস্তফা আলম বলেন, ঘটনাটি বিধিবহির্ভূত ও দুঃখজনক। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।